

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
মজুরী বোর্ড শাখা
www.mole.gov.bd



নম্বর: ৪০.০০.০০০০.০১৬.৩০.০০৪.১৭.৫১

তারিখ: ৩১ ভাদ্র ১৪২৭
১৫ সেপ্টেম্বর ২০২০

প্রজ্ঞাপন

বাংলাদেশ শ্রম আইন, ২০০৬-এর ধারা ৩২৪ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে আবেদনের তারিখ হইতে পরবর্তী ০৬ (ছয়) মাসের জন্য শতভাগ রপ্তানিমুখী চামড়াজাত পণ্য এবং পাদুকা শিল্প প্রতিষ্ঠানসমূহকে উক্ত আইনের ধারা ১০০, ১০২ এবং ১০৫ এর প্রয়োগ হইতে নিম্নবর্ণিত শর্তে অব্যাহতি প্রদান করিল:

শর্তাবলীঃ

- ১। অতিরিক্ত কাজের জন্য স্বাভাবিক মজুরির দ্বিগুন হারে মজুরি প্রদান করিতে হইবে;
- ২। কোন শ্রমিককে তাহার সম্মতি ব্যতীত কোন কার্যদিবসে অতিরিক্ত ০৪ (চার) ঘণ্টার বেশি সময় কাজ করানো যাইবে না।
- ৩। বিধিমোতাবেক সাপ্তাহিক ছুটি প্রদান করিতে হইবে;
- ৪। কারখানায় বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ ও শ্রম বিধিমালা-২০১৫ এর বিধি-বিধান অনুসরণ করিতে হইবে;
- ৫। শ্রমিকদের স্বাস্থ্যরক্ষার ব্যবস্থা নিশ্চিত করিতে হইবে এবং সেইসাথে শ্রমিকদের স্বাস্থ্যবিধি মানিয়া কাজ করার বিষয়টি নিশ্চিত করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১৫-৯-২০ ২০

শাহানা জামান
উপসচিব

নম্বর: ৪০.০০.০০০০.০১৬.৩০.০০৪.১৭.৫১/১(৩)

তারিখ: ৩১ ভাদ্র ১৪২৭
১৫ সেপ্টেম্বর ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল:

- ১) মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, শ্রম ভবন, ১৯৬ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয় নগর, ঢাকা-১০০০
- ২) উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা [বাংলাদেশ গেজেটে প্রকাশের পর ১৫ (পনের) কপি গেজেট সরাসরি শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল]
- ৩) মোহাম্মদ সায়ফুল ইসলাম, সভাপতি, ইলেক্ট্রোস হাউজ (৯ম তলা), ১৮ কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী সি/এ, ঢাকা-১২১৩।